



ম্যুরালের কাজে চা খান

সিদ্ধেশ্বর সেন

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)

বড় কাজ, দীর্ঘায়ত ম্যুরালের কাজেও চা খান তাঁর শিল্পকৃতির সাফল্যের সাক্ষ্য তুলে ধরেছেন :

ভঙ্গুর রেখায় নয়, নিটোল রেখাপাতে তুলির জোরালো টানে ও আঁচড়ে চা খান উন্মুক্ত করেন আমাদের সামনে তাঁর শিল্পকৃতির পরিমিতিকে। ছন্দোময়ই--যে ছন্দ গতি ও যতিতে চারপাশের জঙ্গম জীবনের রূপোপলব্ধিকে ছবির ক্ষেত্রের মধ্য দিয়ে আবার আমাদের কাছে পৌঁছে দেয়।

এ শিল্পকৃতি জীবনেরই আহরণ; কিছু বানিয়ে তোলা নয়। কেননা চা খান--আবাল্য এই শহরেরই পরিবেশের, আবার সেই পরিবেশের বদলেরও অংশীদার। বদল বলতে, তার ব্যবহারিক ও আত্মিক--দুই-ই বোঝায়। যার ওপর দিয়ে পর্যায়ক্রমে বয়ে গেছে যুদ্ধ, দুর্ভিক্ষ, ভ্রাতৃঘাতী হানাহানি, দেশের স্বাধীনতার জন্য লড়াই, আবার সেই স্বাধীনতা লাভ--শিল্পীর কৈশোরের এইসব দ্বন্দ্বমুখর দিনগুলি। ঘটনাসঙ্কুল চার দশক জুড়ে এইসব ও স্বাধীনোত্তর যুগের আরও পটবদল শিল্পীকে সজাগ ও জাগক করে।

শিল্পীর গ্রাফিকের পরিণত কাজ আমাদের আগ্রহ ও দৃষ্টি কাড়ে। “আত্মবীক্ষা”, “যন্ত্রণা”, “রচনা”, “মহাজাগতিক”, “মুখাবয়ব ও কুসুম”, “স্মৃতি”, “সংকল্প”, প্রভৃতি কাজগুলির স্পন্দমান রেখাঙ্কন, প্যাটার্ন ও উপস্থাপনা তন্নিষ্ঠ শিল্পীকে তুলে ধরে। শিল্পীর কাজে তাঁর ঘনিষ্ঠ কবি ও লেখক বন্ধুদের নান্দনিক সাহচর্যের একটি ফলবান দিকও যেন থেকে যায়। এই গ্রাফিকের কয়েকটি কাজের নামেই পরিচয়; “ছন্দ”, “উপমা” ইত্যাদি।

গ্রাফিক্সের কাজ, প্রতিকৃতি, নানান বইয়ের প্রচ্ছদ অলংকরণ, বিশেষ করে তণ কবিদের কবিতার বইএই শিল্পীর তুলিতে বহুবার রূপ পেয়েছে। উভয় বাংলার অগ্রণী আধুনিক কবিদের কবিতাকে তিনি চিত্রিত করেছেন দেবকুমার বসু সম্পাদিত বাংলা দীর্ঘ কবিতা গ্রন্থে।

বড় কাজ, দীর্ঘায়ত ম্যুরালের কাজেও চা খান তাঁর শিল্পকৃতির সাফল্যের সাক্ষ্য তুলে ধরেছেন। কলকাতা আর্য়সমাজ ভবনে এই সমাজের প্রতিষ্ঠাতা উনিশ শতকের ধর্মীয় ও সমাজ-সংস্কারক মহর্ষি দয়ানন্দ সরস্বতীর জীবনালেখ্য এই বিরাট কাজটির উপজীব্য।

বিখ্যাত “বাংলা ঘরানা”র শ্রেষ্ঠ ঐতিহ্যের অনুসারী এই কাজ “দিব্য দয়ানন্দ দর্শন”। তাঁর শিল্পীজীবনের শুরুতে চা খান অগ্রজ-শিল্পী দেবব্রত মুখোপাধ্যায়ের কাছ থেকে শিক্ষা ও প্রেরণা লাভ করেন। শিল্পী চা খানের পরিণত শিল্পকৃতি শুধু কলকাতা ও পশ্চিমবঙ্গ নয়, তার বাইরে ভারতের অন্যত্রও শিল্পরসিক মহলেও যথার্থ স্থানটি করে দিয়েছে।

[Zoom In](#) | [Zoom Out](#) | [Close](#) | [Print](#) | [Home](#)